

🗏 আল-আদিয়াত | Al-Adiyat | ٱلْعَادِيَات

আয়াতঃ ১০০ : ৮

আরবি মূল আয়াত:

وَ إِنَّهُ لِحُبِّ الْخَيرِ لَشَدِيدٌ ؟ ﴿ ٨﴾

আর নিশ্চয় ধন-সম্পদের লোভে সে প্রবল। — আল-বায়ান
আর ধন-সম্পদের প্রতি অবশ্যই সে খুবই আসক্ত। — তাইসিরুল
এবং অবশ্যই সে ধন সম্পদের আসক্তিতে অত্যন্ত কঠিন। — মুজিবুর রহমান

And indeed he is, in love of wealth, intense. — Sahih International

৮. আর নিশ্চয় সে ধন-সম্পদের আসক্তিতে প্রবল(১)।

(১) غير শাদিক অর্থ মঙ্গল। এখানে ব্যাপক অর্থ ত্যাগ করে আরবের বাকপদ্ধতি অনুযায়ী এ আয়াত ধনসম্পদকে إِنْ تَرَكَ خَيْرًا) "যদি কোন সম্পদ ত্যাগ
করে যায়"। [সূরা আল বাকারাহ: ১৮০] এ আয়াতটির অর্থও দুরকম হতে পারে। এক. সে সম্পদের আসক্তির
কারণে প্রচণ্ড কৃপণ; দুই. সম্পদের প্রতি তার আসক্তি অত্যন্ত প্রবল। দ্বিতীয় অর্থটির মধ্যেই মূলত প্রথমটি চলে
আসে; কেননা সম্পদের প্রতি প্রচণ্ড আসক্তিই কৃপণতার কারণ। [আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

৮। এবং অবশ্যই সে ধন-সম্পদের আসক্তিতে অত্যন্ত প্রবল। [1]

[1] خَيرًا الوَصِيّة) সূরা বাকারাহ ১৮০নং আয়াতে এ শব্দ স্পষ্টভাবে মাল-ধনের অর্থেই ব্যবহূত হয়েছে। অর্থ হল, মানুষ ধন-সম্পদের ব্যাপারে অতি লালসা রাখে ও কৃপণতা বা বখীলী করে; যা মালের প্রতি মহব্বত ও আসক্তি রাখার অনিবার্য পরিণতি।

তাফসীরে আহসানূল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6154

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন